# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৭]

৮. কিতাবুস্‌ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে ঋণ আদায়ের তাগিদ দেয়া

## باب التَّقَاضِي وَالْمُلاَزَمَةِ فِي الْمَسْجِدِ

আরবী

[illegible]ـ عَنْ كَعْبِ بْنِ مَالِكٍ : أَنَّهُ تَقَاضَى ابْنَ أَبِي حَدْرَدٍ دَيْنًا كَانَ لَهُ عَلَيْهِ فِي الْمَسْجِدِ، فَارْتَفَعَتْ أَصْوَاتُهُمَا حَتَّى سَمِعَهَا رَسُولُ اللَّهِ وَهُوَ فِي بَيْتِهِ، فَخَرَجَ إِلَيْهِمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ، فَنَادَى يَا كَعْبُ، قَالَ: لَبَّيْكَ يَا رَسُولَ اللَّهِ، قَالَ ضَعْ مِنْ دَيْنِكَ هَذَا. وَأَوْمَأَ إِلَيْهِ: أَيِ الشَّطْرَ، قَالَ: لَقَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللَّهِ، قَالَ قُمْ فَاقْضِهِ. (بخارى:[illegible]

বাংলা

২৮৩) কা’ব বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি একদা মসজিদে নববীতে ইবনে আবি হাদরাদের কাছে ঋণ আদায়ের তাগিদ দিলেন। উভয়ের মাঝে কথা কাটাকাটির সময় আওয়াজ উঁচু হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় ঘর থেকেই উক্ত আওয়াজ শুনে বের হলেন এবং ঘরের পর্দা উঠিয়ে কা’বকে ডাক দিলেনঃ হে কা’ব! তখন কা’ব (রাঃ) সাড়া দিয়ে বললেনঃ হে আল্লাহর রাসূল! আমি হাযির। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তোমার ঋণ থেকে এ পরিমাণ কমিয়ে দাও। এই বলে তিনি হাত দ্বারা ইঙ্গিত করলেন। অর্থাৎ অর্ধাংশ কমিয়ে দাও। কা’ব বললেনঃ হে আল্লাহর রাসূল! আমি আপনার কথা মেনে নিলাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইবনে আবি হাদরাদকে বললেনঃ যাও, এখনই পাওনা আদায় করে দাও।

## English

Asking a debtor to repay what he owes and catching the debtor in the mosque

Narrated Ka`b:

In the mosque I asked Ibn Abi Hadrad to pay the debts which he owed to me and our voices grew louder. Allah's Messenger (ﷺ) heard that while he was in his house. So he came to us raising the curtain of his room and said, "O Ka`b!" I replied, "Labaik, O Allah's Messenger (ﷺ)!" He said, "O Ka`b! reduce your debt to one half," gesturing with his hand. I said, "O Allah's

Messenger (ﷺ)! I have done so." Then Allah's Apostle said (to Ibn Abi Hadrad), "Get up and pay the debt to him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ কা'ব ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89581

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন